"সেবার মাধ্যমে এগিয়ে যাওয়াই প্রকৃত কল্যাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।

www.wewb.gov.bd

বিষয়: ২২ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এ **অন্তর্ভুক্ত** অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে কর্মশালা/মতবিনিময় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হামিদুর রহমান<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| তারিখ | : | ২২ মে ২০২৩ |
| সময় | : | ১০.৩০-১.০০ টা |
| স্থান | : | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সম্মেলনকক্ষ। |

সভায় উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।

২.০ সভাপতি উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২২-২৩ এর অন্তভূক্ত অংশীজনের (Stakeholders) অংশ গ্রহণে মতবিনিময় সভায় আগত প্রতিনিধিগন প্রবাসীদের সেবার মান উন্নয়নের বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন যা নিম্নরুপ:

| ক্রম | প্রতিষ্ঠানের নাম | আলোচনা | স্টেকহোল্ডাদের প্রস্তাবনা সমূহ |
|---|---|---|---|
| ১. | আলী মর্তুজা<br>উপপরিচালক<br>বিএমইটি | বিএমইটির প্রতিনিধি জনাব আলী মর্তুজা জানান যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও বিএমইটি যৌথভাবে প্রবাসী কর্মীদের সার্বিক সেবা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। প্রবাসে মৃত কর্মীদের পরিবারকে বর্তমানে যে আর্থিক অনুদান প্রদান করা হয় তা বর্তমান প্রেক্ষাপটে তিন লক্ষ টাকা হতে বাড়িয়ে চার লক্ষ টাকা প্রদান করার প্রস্তাব করেন। এছাড়াও বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারের কার্যক্রম সম্পর্কে প্রশংসা করে তিনি বলেন বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার এর ঠিকানায় পথনির্দেশিকা স্থাপনের জন্য কতৃপক্ষের দৃষ্টিআকর্ষণ করেন। | আর্থিক অনুদান ৩.০০ লক্ষ টাকা হতে ৪.০০ লক্ষ টাকা বৃদ্ধি এবং বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারের ঠিকানায় পথনির্দেশিকা স্থাপনের প্রস্তাব দেন। |
| ২. | রোকনুজ্জামান<br>পিয়াস<br>সেন্টাল রিপোটার<br>মানবজমিন | মানবজমিন এর সাংবাদিক রোকনুজ্জামান পিয়াস বলেন প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরে প্রদান করা হয়। উপজেলা নির্বাহী অফিসার তাঁর দাপ্তরিক নানান কাজে বেশিরভাগ সময় ব্যস্ত থাকায় তাঁর নিকট হতে দায় মুক্তি সনদ স্বাক্ষর করানো এক জন মৃত প্রবাসী কর্মীর পরিবারের পক্ষে কষ্টসাধ্য ও সময় সাপেক্ষ ব্যাপার। একজন প্রবাসী কর্মীর বিধবা স্ত্রী ও এতিম সন্তানদের কষ্টের বিষয়টি বিবেচনা করে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষরটি দায় মুক্তি সনদ হতে বাদ দিয়ে শুধু মাত্র ইউপি চেয়ারম্যানের স্বাক্ষরের মাধ্যমে আর্থিক অনুদান করার মতামত দেন।এতে প্রবাসী কর্মীর পরিবারের কষ্ট কিছুটা হলেও লাঘব হবে। | আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রে দায়মুক্তি সনদে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর বাতিলের প্রস্তাব দেন। |
| ৩. | ষষ্ঠীপদ রায়<br>সহকারী পরিচালক<br>গোপালগঞ্জ | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস গোপালগঞ্জ এর প্রতিনিধি তাঁর আলোচনায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রমের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। আর্থিক আনুদান প্রদানের জন্য মৃতের ওয়ারিশদের তদন্ত করতে গিয়ে বিভিন্ন সময় বিভিন্ন সমস্যার সম্মুখিন হতে হয়। অনেক সময় মৃতের ওয়ারিশদের দায়মুক্তি সনদে উপজেলা নির্বাহী অফিসার কাউন্টার স্বাক্ষর করতে অনিহা প্রকাশ করেন। | আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রে দায়মুক্তি সনদে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর বাতিলের প্রস্তাব দেন। |
| ৪. | রাহিনুর ইসলাম<br>সহকারী পরিচালক<br>যশোর | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস যশোর এর প্রতিনিধি জানান প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষা বীমা চালু এবং দূতাবাসের লেবার উইং এ জনবল নিয়োগের ক্ষেত্রে বিএমইটি এবং কল্যাণ বোর্ড হতে ৪০% লোক নিয়োগের প্রস্তাব করেন। যেহেতু প্রবাসে মৃত কর্মীদের যাবতীয় কাজ বিএমইটি এবং কল্যাণ বোর্ড করে থাকে, সে ক্ষেত্রে দূতাবাসের লেবার উইং এ বিএমইটি ও কল্যাণ বোর্ড হতে লোক নিয়োগের বিষয়টি বিবেচনার জন্য কতৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বীমা চালু এবং দূতাবাসের লেবার উইং এ কল্যাণ বোর্ড এবং বিএমইটির জনবল নিয়োগের বিষয়ে ব্যবস্থা নেয়ার প্রস্তাব করেন। |
| ৫. | দীপক কুমার রায়<br>উপসচিব<br>প্র.ক.বৈ.ক.ম | মন্ত্রণালয়ে ২০২২ সালে প্রায় ২০০টি অভিযোগ পাওয়া যায় তন্মধ্যে ১৫০ অভিযোগই প্রবাসী কল্যাণ ব্যাংক হতে ঋণ প্রদান বিষয় নিয়ে। অন্য অভিযোগ গুলো মন্ত্রণালয় ও বিএমইটি এবং কল্যাণ বোর্ডের কার্যক্রম সম্পর্কে তেমন কোন অভিযোগ পাওয়া যায়নি। একজন প্রবাসী কর্মীকে আরও সহজ প্রক্রিয়ায় কিভাবে লোন প্রদান করা যায় সে বিষয়ে উপস্থিত ব্যাংক প্রতিনিধির প্রতি আহবান জানান। | মন্ত্রণালয়ে বেশীর ভাগ অভিযোগই প্রবাসী কল্যাণ ব্যাংক এর ঋণ সংক্রান্ত হওয়ায় প্রবাসী কর্মীদের ঋণ প্রদান সহজীকরণের মতামত ব্যক্ত করেন। |
| ৬. | জনাব মোঃ হারুন<br>অর রশিদ<br>উপমহাব্যবস্থাপক | প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিনিধি জানান যে, বাংলাদেশের যে কোন ব্যাংক ঋন প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুসরণ করতে হয়। প্রবাসী কল্যান ব্যাংক ও তার ব্যতিক্রম নয়। কিন্তু প্রবাসীদের ঋণ প্রদানের বিষয়ে প্রবাসী কল্যাণ ব্যাংক যে | বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী প্রবাসীদের ঋণ প্রদান বিষটি এরচেয়ে সহজী করার |

| ক্রম | প্রতিষ্ঠানের নাম | আলোচনা | স্টেকহোল্ডাদের প্রস্তাবনা সমূহ |
|---|---|---|---|
| | প্রবাসী কল্যান ব্যাংক। | নীতিমালা অনুসরণ করছে তার থেকে সহজীকরণ করার আর কোন উপায় নেই। | আর কোন সুযোগ নেই। |
| ৭. | সেবা গ্রহীতা শিক্ষাবৃত্তি প্রাপ্ত ছাত্র | শিক্ষাবৃত্তি প্রাপ্ত ছাত্র জনাব মোঃ সামির হোসেন জানান আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে আর্ন্তজাতিক যোগাযোগ বিভাগের একজন ছাত্র। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি পেয়ে আমি অনেক উপকৃত হয়েছি। আমার লেখা পড়া চালানোর অর্ধেক খরচ শিক্ষা বৃত্তির টাকা দ্বারা মিটানো সম্ভব হয়েছে। এ জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রতি আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান করায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। |
| ৮. | সেবা গ্রহীতা "প্রতিবন্ধী ভাতা" সন্তানের পিতা | "প্রতিবন্ধী ভাতা" প্রাপ্ত সন্তানের পিতা জনাব মোঃ কাজী ইসলাম জানান যে, আমার একটি মাত্র মেয়ে সন্তান সেটাই প্রতিবন্ধী।যে পরিবারে একজন প্রতিবন্ধী সন্তান রয়েছে, সে পরিবারই জানে তাদের কত সমস্যা। এসব প্রতিবন্ধী সন্তানদের জন্য শুধু ভাতাই নয় "প্রতিবন্ধী বীমা" চালু করার জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কতৃপক্ষকে অনুরোধ করেন। বর্তমান আর্থ সামাজিক প্রেক্ষাপটে একজন প্রতিবন্ধী সন্তানের জন্য মাসিক ১০০০/-(এক হাজার) ভাতা খুবই সামান্য, তা বাড়িয়ে মাসিক ২০০০/-(দুই হাজার) হতে ৩০০০/- (তিন হাজার) টাকা ভাতা বাড়ানোর জন্য বোর্ডের কতৃপক্ষের দৃষ্টিআকর্ষণ করছি। | প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতা" মাসিক ১০০০/- টাকা হতে বৃদ্ধি করে ২০০০-৩০০০/- টাকা করার প্রস্তাব করেন। |
| ৯. | সেবা গ্রহীতা অসুস্থ কর্মী কাজী সিয়াম | অসুস্থ কর্মী কাজী সিয়াম বলেন বোর্ড হতে অসুস্থতার ধরণ নিশ্চিত করে সর্বোচ্চ এক লক্ষ টাকা প্রদান করা হয়। বর্তমান প্রেক্ষাপটে চিকিৎসা ব্যয়বহুল হওয়ায় একলক্ষ টাকা অত্যান্ত নগন্য। তাই চিকিৎসা জনিত আর্থিক সাহায্য বৃদ্ধি করা প্রয়োজন। | চিকিৎসা সংক্রান্ত আর্থিক সাহায্য সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ২.০০ লক্ষ টাকা করার প্রস্তাব করেন। |
| ১০. | মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | উপস্থিত সকলকে সুচিন্তিত মতামত দেয়ায় ধন্যবাদ জানান। যে সকল বিষয়ে স্টেকহোল্ডারগণ আলোচনা করেছেন তার বেশির ভাগই কল্যাণ বোর্ডে চলমান রয়েছে। তবে আর্থিক অনুদান বৃদ্ধি, শিক্ষা বীমা, চিকিৎসা সহায়তা এবং "প্রতিবন্ধী ভাতা" বৃদ্ধির বিষয়গুলো যাচাই বাছাই করে পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপনপূর্বক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। | |

৩.০ আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও সভাপতি
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

তারিখ: ২৪ মে ২০২৩।

নম্বর: ৪৯.০৪.০০০০.০০৫.০০.১১৬৪.২০১৮(০৭)-৯৯

বিতরণ:

১। যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (এনআইএস), কর্মসম্পাদন শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক, Diaspora Project, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, Raise Project, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
৫। উপপরিচালক (কল্যাণ), ওয়েজ আর্নার্স কল্যান বোর্ড, ঢাকা।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪.০৫.২০২৩

(আরিফ আহমেদ খান)
পরিচালক (আইআরপি)
ও সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি